# 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ৩১১৫

২১. উত্তরাধিকার অধ্যায় (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৪১. হত্যাকারীর মীরাছ

باب مِيرَاثِ الْقَاتِلِ

### আরবী

حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ عَدِيٍّ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ هُوَ ابْنُ عَمْرٍو عَنْ عَبْدِ الْكَرِيمِ عَنْ الْحَكَمِ قَالَ إِذَا قَتَلَ الرَّجُلُ أَخَاهُ عَمْدًا لَمْ يُوَرَّثْ مِنْ مِيرَاثِهِ وَلَا مِنْ دِيَتِهِ فَإِذَا قَتَلَهُ خَطَأً وُرِّثَ مِنْ مِيرَاثِهِ وَلَمْ يُوَرَّثْ مِنْ دِيَتِهِ قَالَ وَكَانَ عَطَاءٌ يَقُولُ ذَلِكَ

### বাংলা

৩১১৫. আব্দুল কারীম হতে বর্ণিত, হাকাম বলেন, যখন কোনো লোক তার ভাইকে ইচ্ছাকৃতভাবে হত্যা করবে, তখন সে তার মীরাছ হতে কিছুই পাবে, আর তার দিয়াত (রক্তপণ) হতেও কিছু পাবে না। তবে যদি সে ভুল করে হত্যা করে, তবে তার মীরাছ হতে সে অংশ পাবে, তবে তার দিয়াত (রক্তপণ) থেকে কোনো অংশ সে পাবে না।[1]তিনি বলেন, আতা (রহঃ) এ কথাই বলতেন।[2]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর রাবীগণ সকলেই বিশ্বস্ত, তবে এটি বিচ্ছিন্ন, কেননা, আব্দুল কারীম ইবনু মালিক আলজাযারী, আমরা যতটা জানতে পেরেছি, তিনি হাকাম ইবনু উতাইবাহ হতে কোন রিওয়াত করেছেন বলে আমরা জানতে পারিনি। আল্লাহই ভাল জানেন।

তাখরীজ : ইবনু আবী শাইবা ১১/৩৬১-৩৬২ নং ১১৪৫২ সহীহ সনদে।

[2] আতার বক্তব্যটিও বর্ণনা করেছেন ইবনু আবী শাইবা ১১৪৫৩ তে যয়ীফ সনদে ইবনু জুরাইজের ‘আন আন’ শব্দে বর্ণনা করার কারণে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আব্দুল কারীম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83400

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন